



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-১৩৯/ ২৭ ৭৭ ১৫

তারিখঃ ২৭.০৮.২০১৮খ্রিঃ

বিষয়ঃ কেন সরকারি অংশের বেতন-ভাতাদি বন্ধের সুপারিশসহ বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে (২য় বার)।

সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-১৩৯/২১৭১/৪; তারিখঃ ২৮.০৬.২০১৮খ্রিঃ
২) স্মারক নং- ০৫.৪৪০১৬০.০০০.১২.০২২.১৮.৩৮৮; তারিখঃ ১১/০৪/২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাধীন বাদুরতলা চৌদ্দঘর ফকিরবাড়ী দাখিল মাদ্রাসাটি উপজেলা নির্বাহী অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট ০৯/০৪/২০১৮খ্রিঃ তারিখে আকস্মিকভাবে পরিদর্শন করেন। পরিদর্শনকালে সহকারী শিক্ষক বিউটি বেগমকে অনুপস্থিত পাওয়া যায়। সুপার প্রশিক্ষণে থাকায় সহকারী সুপারকে জিজ্ঞাসা করা হলে তিনি জানান যে, বিউটি বেগম ০৩ বছর ধরে মাদ্রাসায় নিয়মিত উপস্থিত হন না এবং মাসে দুই তিন দিন মাদ্রাসায় উপস্থিত হয়ে হাজিরা খাতায় সকল স্বাক্ষর একসাথে করে চলে যান। আরো দেখা যায় যে, শিক্ষকদের হাজিরা খাতায় উক্ত বিউটি বেগম এর জন্য নির্ধারিত ঘরে শরীর চর্চার শিক্ষক এফ, এম কামরুল ইসলাম জাল স্বাক্ষর করেন।

অনুমোদিত ছুটি ব্যতিরেকে দীর্ঘদিন যাবৎ অনুপস্থিত থাকায় সহকারী শিক্ষক বিউটি বেগম, হাজিরা খাতায় জাল স্বাক্ষর প্রদান করায় শরীর চর্চার শিক্ষক এফ, এম কামরুল ইসলাম এবং এ সকল অনিয়ম ও দুর্নীতির বিষয়ে অবগত থাকা সত্ত্বেও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করায় সুপারসহ তাঁদের বিরুদ্ধে সরকারি অংশের বেতন ভাতা বন্ধের সুপারিশসহ কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে কারণ দর্শানো হয়েছে। কারণ দর্শানোর প্রেক্ষিতে মাদ্রাসার সুপার যে জবাব দাখিল করেছেন, তা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় অনুমোদিত ছুটি ব্যতিরেকে দীর্ঘদিন যাবৎ অনুপস্থিত থাকায় সহকারী শিক্ষক বিউটি বেগম, হাজিরা খাতায় জাল স্বাক্ষর প্রদান করায় শরীর চর্চার শিক্ষক এফ, এম কামরুল ইসলাম এবং এ সকল অনিয়ম ও দুর্নীতির বিষয়ে অবগত থাকা সত্ত্বেও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করায় সুপারসহ তাঁদের বিরুদ্ধে সরকারি অংশের বেতন ভাতা বন্ধের সুপারিশসহ কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক(.....)পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সুপার, বাদুরতলা চৌদ্দঘর ফকিরবাড়ী দাখিল মাদ্রাসা, মোড়েলগঞ্জ, বাগেরহাট।

২) জনাব বিউটি বেগম, সহকারী শিক্ষক, বাদুরতলা চৌদ্দঘর ফকিরবাড়ী দাখিল মাদ্রাসা, মোড়েলগঞ্জ, বাগেরহাট।

৩) জনাব এফ, এম কামরুল ইসলাম, শরীর চর্চা শিক্ষক, বাদুরতলা চৌদ্দঘর ফকিরবাড়ী দাখিল মাদ্রাসা, মোড়েলগঞ্জ, বাগেরহাট।

নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-১৩৯/ ২৭ ৭৭ ২৫

তারিখঃ ২৭.০৮.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
২. জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
৪. সভাপতি/সদস্যবৃন্দ, বাদুরতলা চৌদ্দঘর ফকিরবাড়ী দাখিল মাদ্রাসা, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪